# আশ-শুআ'রা | Ash-Shu'ara | ٱلشُّعَرَاء

আয়াতঃ ২৬ : ৮৪

## আরবি মূল আয়াত:

وَ اجۡعَلۡ لِّیۡ لِسَانَ صِدۡقٍ فِی الۡاٰخِرِیۡنَ ﴿۸۴﴾

## অনুবাদসমূহ:

‘এবং পরবর্তীদের মধ্যে আমার সুনাম-সুখ্যাতি অব্যাহত রাখুন’, — আল-বায়ান

এবং আমাকে পরবর্তীদের মধ্যে সত্যভাষী কর। — তাইসিরুল

আমাকে পরবর্তীদের মধ্যে সত্যভাষী করুন! — মুজিবুর রহমান

And grant me a reputation of honor among later generations. — Sahih International

৮৪. আর আমাকে পরবর্তীদের মধ্যে যশস্বী করুন(১),

(১) এ আয়াতের অর্থ এই যে, আল্লাহ আমাকে এমন সুন্দর তরিকা ও উত্তম নিদর্শন দান করুন, যা কেয়ামত পর্যন্ত মানবজাতি অনুসরণ করে এবং আমাকে উৎকৃষ্ট আলোচনা ও সদগুণাবলী দ্বারা স্মরণ করে। [ফাতহুল কাদীর, বাগভী, কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

(৮৪) পরবর্তীদের মাঝে আমার সুনাম বজায় রাখ, [1]

[1] আমার পর কিয়ামত পর্যন্ত যারা পৃথিবীতে আসবে, তারা আমাকে উৎকৃষ্ট ভাষায় স্মরণ করবে। এখান থেকে বুঝা গেল যে, নেকীর বদলা দুনিয়াতে মহান আল্লাহ প্রশংসা, সুনাম ও সুখ্যাতির মাধ্যমে দিয়ে থাকেন। ইবরাহীম (আঃ)-কে প্রত্যেক জাতিই ভাল নামে স্মরণ করে থাকে। কেউ তার মহানুভবতা ও মর্যাদাকে অস্বীকার করে না।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3016

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন